জাগ' জাগ' রে জাগ' সঙ্গীত— চিত্ত-অম্বর কর তরঙ্গিত,
নিবিড়নন্দিত প্রেমকম্পিত হৃদয়কুঞ্জবিতানে ॥
মুক্তবন্ধন সপ্তসুর তব করুক বিশ্ববিহার,
সূর্যশশিনক্ষত্রলোকে করুক হর্ষ প্রচার ।
তানে তানে প্রাণে প্রাণে গাঁথ' নন্দনহার ।
পূর্ণ কর' রে গগন-অঙ্গন তাঁর বন্দনগানে ॥

---

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Desh

Visit www.geetabitan.com for notation and other detail